

৫। পারের বাঙ্খা কর যদি,

ডাক তারে নিরবধি,

আমার শ্রীহরিচাঁদ গুণনিধি,

ভবপারে কর্ণধার ॥

—বরদা



১৩৫ নং

তাল—গড়খেমটা

ও মন ভুলে যাও, দু'দিনের এই অভিনয়—

ভবে কেহ নয়, আপন কেহ নয়

বেঞ্চে ছিলি আশার বাসা,

এ বাসা তোর বাসা নয় ॥

১। করে কত উচ্চ আশা,

বেঞ্চে ছিলি উচ্চ বাসা,

কোনদিন যেন ভেসে যায় ।

কাল-বৈশাখীর তুফান এসে

কোঠাঘর তোর যাবে ভেসে,

শমন রাজা বান্ধবে ক'সে

শুন্বে না সে কোন অনুনয় ॥

২। কি ভীষণ সেই কালের বন্ধন,

পড়ে রবে তোর কুসুম চন্দন ;

খুলে যাবে তোর রাছর বন্ধন,

সাত পাকের প্রেম পরিণয় ।